[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

সভাপতি মোঃ নূরুজ্জামান, উপজেলা বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক মোঃ গোলাম ফারুক, সাবেক সাংগঠনিক সম্পাদক আইস উদ্দীন, সাবেক থানা স্বেচ্ছাসেবক দলের সভাপতি মোঃ কামরুজ্জামান সিদ্দিক সহ বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতা-কর্মীরা।

কালীগঞ্জে তরিকুল ইসলামের মৃত্যু বার্ষিকীতে আলোচনা ও দোয়া মাহফিল

ঝিনাইদহের কালীগঞ্জে সাবেক মন্ত্রী ও বিএনপি’র স্থায়ী কমিটির প্রয়াত সদস্য তরিকুল ইসলামের ২য় মৃত্যু বার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।
বুধবার সকালে শহরের থানা রোডস্থ দলীয় কার্যালয়ে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

কালীগঞ্জ উপজেলা বিএনপির আহবায়ক আলহাজ্ব মাহবুবার রহমানের সভাপতিত্বে আলোচনা সভায় উপস্থিত ছিলেন উপজেলা বিএনপি’র সিনিয়র যুগ্ম-আহবায়ক ডা: নুরুল ইসলাম, আয়নাল হাসান, তবিবুর রহমান মিনি, পৌর বিএনপির সিনিয়র যুগ্ম-আহবায়ক নজরুল ইসলাম তোতা, নজরুল ইসলাম, উপজেলা বিএনপির যুগ্ম-আহবায়ক শহিদুল ইসলাম সাইদুল, পৌর বিএনপির যুগ্ম-আহবায়ক আনোয়ার হোসেন, জাবেদ আলী, মোহাম্মদ আলী জিন্নাহ, উপজেলা বিএনপি নেতা লিয়াকত আলী মাস্টার, আলী মোর্তুজা লিটু, প্রভাষক মুসা করিম, আবু বক্কর রাজু, জাহিদ হাসান, পৌর বিএনপি নেতা শওকত হোসেন ফেলু, আব্দুর রব, মহিউদ্দিন মহি, ফারুক হোসেন, শাহাজান আলী, উপজেলা যুবদল নেতা সুজাউদ্দিন পিয়াল, মোস্তফা কামাল টিটো, মঞ্জুরুল ইসলামত খোকা, আজিজুল ইসলাম লস্কার,

পৌর যুবদল নেতা জাহিদুল ইসলাম জাহিদ, ফিরোজ কবির, আসাদুল ইসলাম আসাদ, আব্দুল লতিফ, ইমরান হোসেন, টিটন হোসেন, জাকির হোসেন, আতিয়ার রহমান মেম্বর, শ্রমিক দলের আব্বাস উদ্দিন, ফরিদ হোসেন, সবুজ হোসেন, মৎস্যজীবী দলের পৌর আহবায়ক নাজমুল কবির রিপন, পৌর

তাঁতীদলের সদস্য সচিব জাহাঙ্গীর হোসেন, কৃষকদলের দলের নেতা আমিন মোল্লা, রুহুল আমিন মেম্বর, স্বেচ্ছাসেবক দলের নেতা দেলোয়ার হোসেন, সোহেল রানা,

এসএম মাসুম পারভেজ, জাহাঙ্গীর হোসেন, আলমগীর হোসেন আলম, ঢাকা মহানগর দক্ষিণ ছাত্রদলের সহসভাপতি রাশিদুজ্জামান তুফান, উপজেলা ছাত্রদলের আহবায়ক মারুফ বিল্লাহ, সদস্য সচিব মৌসুম উদ্দিন শোভন, যুগ্ম-আহবায়ক আলাউদ্দিন আলা, পৌর ছাত্রদলের আহবায়ক জুয়েল রানা, সদস্য সচিব তরিকুল ইসলাম, যুগ্ম-আহবায়ক আশরাফুল ইসলাম নিরব, কলেজ ছাত্রদলের সদস্য সচিব কামরুল ইসলাম, যুগ্ম-আহবায়ক আলামিন হোসেন প্রমুখ।

এ সময় বক্তারা বলেন, মরহুম তরিকুল ইসলাম ছিলেন গণমানুষের রাজনীতির সাথে আজীবন যুক্ত। দেশ ও দশের প্রতি সহমর্মী এই মানুষটি সবসময় নিজ আদর্শে ছিলেন অবিচল। জাতীয়তাবাদী রাজনীতির কল্যাণে গণমানুষের ভাগ্যের পরিবর্তন ঘটিয়ে সামাজিক ন্যায়বিচার ভিত্তিক শোষণমুক্ত সমাজ এবং গণতান্ত্রিক, মানবিক ও কল্যাণমুখী রাষ্ট্র প্রতিষ্ঠাই ছিল মরহুম তরিকুল ইসলামের রাজনীতির মূল লক্ষ্য। এ লক্ষ্যে তিনি নিরলস ভাবে কাজ করেছেন আজীবন।

করোনায় আক্রান্ত বিএনপির একঝাঁক হেভিওয়েট নেতা

করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন বিএনপির ভাইস চেয়ারম্যান মোহাম্মদ শাহজাহান ও তার স্ত্রী বেগম রহিমা শাহজাহান। তারা দুজনেই বাসায় থেকে চিকিৎসা নিচ্ছেন। বিএনপি চেয়ারপারসনের প্রেস উইং সদস্য শায়রুল কবির খান এ তথ্য জানিয়েছেন।

শায়রুল বলেন, মঙ্গলবার (৩ নভেম্বর) চিকিৎসকের পরামর্শে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

এদিকে বিএনপির আরো তিন নেতার করোনা আক্রান্ত হওয়ার খবর পাওয়া গেছে। তারা হলেন- বিএনপির স্থায়ী কমিটির সদস্য ইকবাল হাসান

মাহমুদ টুকু, সাংগঠনিক সম্পাদক শামা ওবায়েদ ও ফজলুল হক মিলন। এছাড়া শুক্রবার করোনা পজিটিভ রিপোর্ট এসেছে সাবেক সংসদ সদস্য জহির উদ্দিন স্বপনের। সূত্র- কালের কন্ঠ

বিএনপির জরুরি সংবাদ সম্মেলন আজ

স্থানীয় সরকার বিধান নিয়ে নির্বাচন কমিশনের নতুন আইন তৈরির উদ্যোগ বিষয়ে জরুরি সংবাদ সম্মেলন ডেকেছে বিএনপি। সোমবার (০২ নভেম্বর) বিকেল ৪টায় গুলশানে চেয়ারপারসনের রাজনৈতিক কার্যালয়ে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হবে।ৱ

দলটির চেয়ারপারসনের প্রেস উইং সদস্য শায়রুল কবির খান গণমাধ্যমকে এ তথ্য জানিয়েছেন।

বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর সংবাদ সম্মেলনে বক্তব্য রাখবেন। এছাড়া দলটির স্থায়ী কমিটির সদস্য নজরুল ইসলাম খান সংবাদ সম্মেলনে উপস্থিত থাকবেন।

ঝিনাইদহে বিএনপির বর্ধিত সভা অনুষ্ঠিত

ঝিনাইদহ সদর উপজেলা বিএনপির বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকালে শহরের এইচএসএস সড়কের দলটির জেলা কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহ সদর উপজেলা বিএনপির সভাপতি এ্যাড. মুন্সি কামাল আজাদ পান্নুর সভাপতিত্বে অনুষ্ঠনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন

বিএনপির কেন্দ্রীয় সহ-সাংগঠনিক সম্পাদক অনিন্দ ইসলাম অমিত।

প্রধান বক্তা ছিলেন জেলা বিএনপির আহ্বায়ক এ্যাড. এস এম মশিয়ুর রহমান। বিশেষ বক্তা ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব এ্যাড. এম এ মজিদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক আব্দুল মালেক, আক্তারুজ্জামান, জাহিদুজ্জামান মনা, আব্দুল মজিদ বিশ্বাস, বিএনপি নেতা আলমগীর হোসেন।

অনুষ্ঠান পরিচালনা করেন সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক এ্যাড. আব্দুল আলিম। অনুষ্ঠানে বিএনপি, অঙ্গ ও সহযোগি সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। এসময় বক্তারা, দলকে শক্তিশালী করতে তৃণমুল পর্যায়ের নেতাকর্মীদের ঐক্যবদ্ধ হয়ে কাজ করার আহ্বান জানান।

সরকারের কাজ নেই বলেই বিএনপির বিরুদ্ধে কথা বলে: ফখরুল

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, করোনা পরিস্থিতি, প্রণোদনাসহ প্রতিটি ক্ষেত্রেই মিথ্যাচার করছে সরকার। জনগণের সঙ্গে সরকারের কোনো সম্পর্ক নেই। সরকার জনবিচ্ছিন্ন হয়ে পড়েছে। জনগণের প্রতি তাদের কোনো দায়বদ্ধতা নেই।

শুক্রবার (৩০ অক্টোবর) সকালে জাতীয় প্রেস ক্লাবে ‘কোভিড ১৯ এর চ্যালেঞ্জ মোকাবিলায় বাংলাদেশের কৃষি সেক্টরে কৌশল নির্ধারণ’ শীর্ষক সেমিনারে এসব কথা বলেন তিনি।

এসময় মির্জা ফখরুল আরও বলেন, বর্তমান সরকার স্বৈরাচারী সরকার, ভিন্নমত সহ্য করতে পারে না। সরকারের কোনো কাজ নেই বলেই বিএনপির বিরুদ্ধে কথা বলে।

গণতন্ত্র উন্নয়নে বড় ভূমিকা রাখতে সক্ষম গণমাধ্যম: মির্জা ফখরুল

বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, আমরা বিশ্বাস করি দেশের গণতন্ত্র ও সামগ্রীক সামাজিক অর্থনৈতিক উন্নয়নের জন্য সবচেয়ে বড় ভূমিকা রাখতে সক্ষম গণমাধ্যম। যে দেশের গণমাধ্যম যত স্বাধীন ও শক্তিশালী সেই দেশের গণতন্ত্র তত বেশি শক্তিশালী।

বৃহস্পতিবার সকালে ঢাকা রিপোর্টার্স ইউনিটি চত্বরে সংগঠনটির রজতজয়ন্তী উপলক্ষে র্যালি উদ্বোধন করার আগে এসব কথা বলেন তিনি।

তিনি আরও বলেন, আজকে সারাবিশ্বে গণমাধ্যম কর্মীদের ওপরে একটা চাপ সৃষ্টি শুরু হয়েছে। বাংলাদেশে সেই চাপ অনেক বেশি আমরা লক্ষ্য করছি। আমরা দেখেছি শুধুমাত্র রাজনৈতিক কারণে অনেক সংবাদকর্মীকে নিগৃহীত হতে হয়েছে, প্রাণ দিতে হয়েছে। তাদেরকে অনেক সময় কারাগারে যেতে হয়েছে।

বিএনপি মহাসচিব বলেন, বর্তমানে বাংলাদেশে যে বিভাজনের সংস্কৃতি গড়ে উঠেছে যার কুফল সর্বক্ষেত্রে দেখতে পাচ্ছি। যার ফলে সমাজ বিভক্ত হয়ে যাচ্ছে, মানুষ বিভক্ত হয়ে যাচ্ছে। যেটা আমাদের জন্য সুখকর বিষয় নয়। আমাদের ভবিষ্যতের জন্য আনন্দময় নয়। ঢাকা রিপোর্টার্স ইউনিটি যেভাবে তাদের কার্যক্রম পরিচালনা করছে তা আমাদের জন্য আশার একটা আলো দেখায়।

তিনি বলেন, আমরা মনেকরি গণমাধ্যম নিয়ন্ত্রণ করার জন্য যে আইনগুলো করা হয় এগুলো গণমাধ্যমের স্বাধীনভাবে কাজ করার জন্য কখনও উপযোগী নয়। দুঃখের সঙ্গে লক্ষ্য করেছি বাংলাদেশে গণমাধ্যম মত প্রকাশের স্বাধীনতা ভিন্নমতকে সহ্য করার যে সহনশীলতা সেটা ধীরে ধীরে একেবারে নিশ্চিহ্ন হয়ে যাচ্ছে।

ঝিনাইদহে বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের ৪২তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলায় বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের ৪২তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকালে উপজেলা বি এন পি’র কার্যালয়ে উপজেলা যুবদলের আহবায়ক আব্দুস সামাদ এর সভাপতিত্বে ও পৌর যুবদলের আহবায়ক হারুন অর রশিদ এর সঞ্চালনায় আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন সাবেক উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক মোঃ আমিরুল ইসলাম।

এছাড়া বিশেষ অতিথি হিসেবে পৌর স্বেচ্ছাসেবক দলের সভাপতি আলমগীর কবির, সাবেক উপজেলা ছাত্রদলের সভাপতি খাইরুল ইসলাম, সাবেক উপজেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক আক্তারুজ্জামান,

উপজেলা যুবদলের যুগ্ম-আহবায়ক মুকুল হোসেন, আবু হাসান, সোহেল রানা, রানা হোসেন, পৌর যুবদলের যুগ্ম-আহবায়ক বাপ্পী মন্ডলসহ অন্যান্য নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। আলোচনা শেষে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গায় বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের ৪২ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের ৪২তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে চুয়াডাঙ্গায় পতাকা উত্তোলন, র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার দুপুরে চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদ প্রাঙ্গণে এসব অনুষ্ঠানের আয়োজন করা হয়। আলোচনা সভায় সভাপতিত্ব করেন জেলা যুবদলের যুগ্ম-সাধারণ সম্পাদক আব্দুস সালাম বিপ্লব। অনুষ্ঠানে

বিএনপির সাবেক সিনিয়র সহ-সভাপতি ও কুতুবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নজরুল ইসলাম নজু, জেলা সে¦চ্ছাসেবক দলের সভাপতি শফিকুল ইসলাম পিটু, পৌর বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক আবুল কালাম আজাদ, জেলা জাসাস এর সাধারণ সম্পাদক সেলিমুল হাবিব সেলিম, আলমডাঙ্গা পৌর বিএনপির সাবেক সভাপতি আনিসুর রহমান আনিস প্রমুখ।

মেহেরপুরে বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের ৪২তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের ৪২তম প্রতিষ্ঠা বার্ষির্কী উপলক্ষ্যে মেহেরপুর জেলা যুবদলের উদ্যোগে “যুব ও নির্যাতিত জনতার শৃঙ্খলমুক্তির অঙ্গীকার, রুখবে এবার স্বৈরাচার” এই শ্লোগানে যুব-জনতার সমাবেশ অনুষ্ঠিত হয়।

গতকাল মঙ্গলবার সকাল ১০টায় সমাবেশে সভাপতিত্ব করেন জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ।

জেলা যুবদলের সাধারন সম্পাদক কাওছার আলীর সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন।

বক্তব্য রাখেন জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, শেখ সাঈদ আহমেদ, পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্টো (গাংনী), সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ (মুজিবনগর), জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আঃ রহিম, আঃ আওয়াল, আরজুল্লাহ মাস্টার বাবলু, মুজিবনগর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক বদরুদ্দিন বিশ্বাস, সদর উপজেলা সাধারন সম্পাদক সাইফুল ইসলাম।

অনান্যদেও মধ্যে উপস্থিত ছিলেন, গাংনী উপজেলা বিএনপির সাধারন সম্পাদক আসাদুজ্জামান বাবলু, গাংনী পৌল বিএনপির সিনিয়র সহ-

সভাপতি ইনসারুল হক ইনসু, সাংগঠনিক সম্পাদক সাহাবুদ্দিন মোল্লা, বিএনপি নেতা সামসুল আলম, জেলা বিএনপির দপ্তর সম্পাদক আবু সুফিয়ান হাবু, সদর উপজেলা যুবদলের আহবায়ক লিয়াকত আলী, সদস্য সচিব কামরুজ্জামান বিপ্লব, মুজিবনগর উপজেলা যুবদলের আহবায়ক মোঃ হাসান আলী, সদস্য সচিব আনোয়ারুল ইসলাম, গাংনী উপজেলা যুবদলের আহবায়ক আঃ মালেক চপল, সদস্য সচিব জাহিদুল ইসলাম, গাংনী পৌর যুবদলের আহবায়ক সাইদুর কমিশনার ও সদস্য সচিব এনামুল কমিশনার প্রমুখ নেতৃবৃন্দ।

এছাড়াও উপস্থিত ছিলেন, জেলা স্বেচ্ছাসেবক দলের আহবায়ক তোফায়েল আহমদে, সাধারন সম্পাদক আজমল হোসেন মিন্টু জেলা বিএনপির অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।